# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০১৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সাহাবায়ি কিরাম (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب مَنَاقِب الصَّحَابَة)

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُ اللَّهَ فِي أَصْحَابِي لَا تَتَّخِذُوهُمْ غَرَضًا مِنْ بَعْدِي فَمَنْ أَحَبَّهُمْ فَبِحُبِّي أَحَبَّهُمْ وَمَنْ أَبْغَضَهُمْ فَبِبُغْضِي أَبْغَضَهُمْ وَمَنْ آذَاهُمْ فَقَدْ آذَانِي وَمَنْ آذَانِي فَقَدْ آذَى اللَّهَ وَمَنْ آذَى اللَّهَ فَيُوشِكُ أَنْ يَأْخُذَهُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

اسناده ضعیف ، رواه الترمذی (3862) * عبد الرحمن بن زیاد اختلفوا فی اسمه ولم یوثقه غیر ابن حبان وھو مجھول الحال ولم یثبت عن الترمذی بانه قال فی حدیثه : حسن : وقال البخاری : فیه نظر (التاریخ الکبیر 5 131 ت 389) ۔

(ضَعِيف)

বাংলা

৬০১৪-[৮] ’আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহকে ভয় কর, আল্লাহকে ভয় কর আমার সাহাবীদের ব্যাপারে। আমার (ওফাতের পরে তাদেরকে সমালোচনার পাত্র বানিও না। যে লোক তাদেরকে ভালোবাসে, সে আমার মুহাব্বাতেই তাদেরকে মুহাব্বাত করল। পক্ষান্তরে যে লোক তাদের প্রতি ঘৃণা ও শত্রুতা রাখে, সে আমার প্রতি ঘৃণা ও শত্রুতা রাখল। আর যে লোক তাদেরকে দুঃখ বা কষ্ট দিল, সে মূলত আমাকেই কষ্ট দিল। অতএব যে আল্লাহ তা’আলাকে কষ্ট দিল, আল্লাহ তা’আলা তাকে শীঘ্রই পাকড়াও করবেন। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব]

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৮৬২, য'ঈফুল জামি ১১৬০, য'ঈফাহ ২৯০১, শুআবূল ঈমান ১৫১১, মুসনাদে আহমাদ

২০৫৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اللَّهُ اللَّهَ فِي أَصْحَابِي) উক্ত হাদীসে রাসূলুল্লাহ (সা.) সাহাবীদের প্রতি চরম শ্রদ্ধাশীল হওয়ার জন্য উৎসাহ প্রদান করেছেন। কোন ক্রমেই যেন তাদের সম্মান এতটুকুও নষ্ট না হয় এজন্য দু’বার ‘আল্লাহ’ শব্দটি উল্লেখ করেছেন। অতএব (اللَّهُ اللَّهَ) এ কথার অর্থ হলো, (اِتَّقِ اللَّهَ،اِتَّقِ اللَّهَ) অর্থাৎ, “তোমরা আল্লাহকে পূর্ণাঙ্গরূপে ভয় কর”(ي أَصْحَابِي) সাহাবীদের হক সংরক্ষণের ব্যাপারে সাহাবীদের হক সংরক্ষণ করার অর্থ হলো, তাদেরকে পূর্ণ মর্যাদা দেয়া গালি-মন্দ না করা। (মিরকাতুল মাফাতীহ)
(لَا تَتَّخِذُوهُمْ غَرَضًا مِنْ بَعْدِي)অর্থাৎ, আমার মৃত্যুর পর তোমরা তাদের সমালোচনা করবে না। তাদেরকে অপবাদ দিবে না তাদের ব্যাপারে মন্দ কথা ও ঘৃণা ছড়াবে না। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন